



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd



স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৫.১৯.৯৪২

তারিখ: ১১ ভাদ্র ১৪২৭

২৬ আগস্ট ২০২০

বিষয়: রাজশাহী বিভাগে সংগ্রহের স্বার্থে খালি জায়গা সৃষ্টির লক্ষ্যে ডিআরটিসি'র মাধ্যমে সড়ক পথে ৩০০ মে.টন বোরো'২০ সিদ্ধিচালের চলাচলসূচির পূর্বানুমোদন প্রদান।

সূত্র: আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী এর ২৫/০৮/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.২২৪.৪০.০০১.১৯.৪১১৯ নং স্মারক।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বোরো'২০ সংগ্রহ মৌসুমে ধান, চাল সংগ্রহ কার্যক্রম সফল করার লক্ষ্যে গুদামে খালি জায়গা সৃষ্টির নিমিত্ত নাটোর জেলার সিংড়া এলএসডি'র সদ্য সংগৃহীত বোরো'২০ সিদ্ধি চাল মুলাডুলি সিএসডিতে আপেক্ষিক মজুত গড়ে তোলার লক্ষ্যে ডিআরটিসি'র মাধ্যমে সূচি জারির পূর্বানুমোদন প্রদানের জন্য আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী কর্তৃক সূত্রস্থ স্মারকে অনুরোধ করা হয়েছে। তৎপ্রেক্ষিতে সংগ্রহের স্বার্থে খালি জায়গা সৃষ্টির লক্ষ্যে মজুত বিবেচনায় নাটোর জেলার সিংড়া এলএসডি হতে মুলাডুলি সিএসডিতে ৩০০ মে.টন সংগৃহীত বোরো'২০ সিদ্ধি চাল ডিআরটিসি'র মাধ্যমে চলাচলসূচির পূর্বানুমোদন নিম্নোক্ত নির্দেশনাবলি যথাযথভাবে পরিপালনের শর্তে নির্দেশক্রমে প্রদান করা হলো।

সারণি-১ : রাজশাহী বিভাগে বোরো'২০ সিদ্ধি চালের চলাচলসূচির পূর্বানুমোদন

ক্র.নং	প্রেরক জেলা	প্রেরণ কেন্দ্র	প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র	পরিমাণ (মে.টন)	পণ্য	রুট	মন্তব্য
১.	নাটোর	সিংড়া এলএসডি	পাবনা	মুলাডুলি সিএসডি	৩০০	সংগৃহীত বোরো'২০ সিদ্ধি চাল	সড়ক পথ	
				মোট =	৩০০			

অনুসরণীয় নির্দেশনাঃ

(১) পূর্বানুমোদনের আওতায় চালের খামাল গঠন হওয়ার পর তদারককারী কর্মকর্তা কর্তৃক এলএসডি'র মজুত যাচাই ও কারিগরি খাদ্য পরিদর্শক কর্তৃক খামাল সার্ভেপূর্বক বিনির্দেশ সম্পন্ন বিশ্লেষণ প্রতিবেদন জারির পর পর্যায়ক্রমে সূচি জারি করতে হবে;

(২) 'খাদ্যশস্য প্রেরণ-প্রাপ্তিকালে করণীয় নির্দেশনা' সম্পর্কিত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর মহোদয় স্বাক্ষরিত ১১/০৫/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭-২১১ নং প্রজ্ঞাপন এবং 'এলএসডি'র/সিএসডি'র সর্বোচ্চ ধারণ ক্ষমতা ব্যবহার সম্পর্কিত নির্দেশনা' বিষয়ক ১৮/০৪/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯-৩৫৪ নং স্মারকের পত্র কঠোরভাবে অনুসরণ করতে হবে।

(৩) এছাড়া ০৯/০৫/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৯১.৪৭.০০২.০৯.৯৯৮ নং স্মারকে অভ্যন্তরীণ খাদ্যশস্য নীতিমালা, ২০১৭

এর ১৩(গ) অনুচ্ছেদ এবং খাদ্য অধিদপ্তরের উল্লিখিত স্মারকের নির্দেশনা অনুযায়ী সকল খাদ্য গুদামে চুক্তিবদ্ধ মিলার কর্তৃক সরবরাহতব্য চালের বস্তার অপর পীঠে ডিজিটাল স্টেনসিলের স্পষ্ট ছাপ দেওয়ার যথাযথ প্রক্রিয়া অনুসরণ করতে হবে;

(৪) এই পূর্বানুমোদনের আওতায় জারিকৃত সূচি মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর স্বাক্ষরিত ০৮/০৬/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭-৫২৬ নং স্মারকে জারিকৃত নির্দেশনা মোতাবেক Movement Software এর মাধ্যমে আবশ্যিকভাবে জারি করতে হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

২৬-৮-২০২০

মোঃ ফজলে রাব্বী হায়দার
উপ-পরিচালক

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, রাজশাহী

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৫.১৯.৯৪২/১(৯)

তারিখ: ১১ ভাদ্র ১৪২৭
২৬ আগস্ট ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ৩) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৪) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৫) পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৬) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর
- ৭) জেলা খাদ্য নিয়ন্ত্রক, পাবনা, রাজশাহী।
- ৮) জেলা খাদ্য নিয়ন্ত্রক, নাটোর, রাজশাহী।
- ৯) ব্যবস্থাপক, মুলাডুলি সিএসডি, পাবনা।

২৬-৮-২০২০

মোঃ ফজলে রাব্বী হায়দার
উপ-পরিচালক